

তাল—কাহারবা

রাগিনী—বেহাগ

কে এল রে, কে এল রে, মোদের দীন কুটিরে;

মোদের দীন কুটিরে মোদের ভাঙ্গা দুয়ারে ॥

- ১। সে বলে হরি এল ওড়াকান্দি চলরে তোরা কান্দি কান্দি,  
বন্দী কেন র'লি কারাগারে হায়রে—  
তার নয়নে প্রেমেরই বান, হরি ধ্যান হরি জ্ঞান;  
হরি বই জানে না কাহারে ॥
- ২। ঢোল ডঙ্কায় তুলি রোল, বলে সদা হরিবোল,  
নাম বিলায় প্রতি ঘরে ঘরে, হায়রে—  
তাঁর যেখানে পড়েছে দৃষ্টি, হয় মহা প্রেম বৃষ্টি  
সৃষ্টি তাঁর শাস্তির মাঝারে ॥
- ৩। মোরা চোখ থাকিতে দিন-কানা, দেখিয়ে তারে দেখি না,  
বৃথা জন্ম গেল ভব প'রে হায়রে—  
অতীব অজ্ঞান সর্বে এ মোহ কবে ঘুচিবে;  
কান্দিব শ্রীচরণ ধরে ॥
- ৪। তাঁর সুন্দর গোপাল নাম, গুণাতীত গুণধাম,  
গুণময় গুণমণি, হায়রে—  
সে যে উদয় হ'ল লক্ষ্মীখালী, মুখে হরি হরি বলি;  
দীন নমঃশূদ্রের ঘরে ॥
- ৫। বলে দয়াল মাধবচন্দ্র, শোন্‌রে দুষ্টু মহানন্দ,  
তাঁরে দেখে কেন র'লি ফিরে, হায়রে—  
ও তুই—দেখে ভবের রাঙ্গা ফুল মোহেতে হ'লি আকুল;  
হারালি শ্রীগোপালচাঁদে ॥

—মহানন্দ হালদার